# দেশব্যাপী বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ পালন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৮

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

# দেশব্যাপী বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ পালন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৮

**১। উদ্দেশ্য**

বিদ্যুৎ ও জ্বালানি বিভাগের আওতাধীন বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানের মধ্যে কর্মোদ্দিপনা সৃষ্টি, কাজের গুণগত মান উন্নয়নসহ বিদ্যুৎ সাশ্রয়ী কার্যক্রমে নানা শ্রেণী ও পেশার লোককে সম্পৃক্তকরণের উদ্দেশ্যে দেশব্যাপী জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ পালন করা হবে। এ দিবস উপলক্ষে বিভিন্ন বিষয়ে বিশেষ অবদান রাখার জন্য পুরস্কার প্রদান করা হবে। প্রতিবছর ডিসেম্বর মাসের সুবিধাজনক সময় জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ পালন করা হবে। বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ পালন উপলক্ষে উপজেলা পর্যায় হতে কেন্দ্রীয় পর্যায় পর্যন্ত বিভিন্ন কর্মসূচি পালনসহ পুরস্কার প্রদানের উদ্দেশ্যে এ নির্দেশিকা প্রণয়ন করা হল।

**২। বিদ্যুৎ বিভাগের আওতায় পুরস্কারের ক্ষেত্র**

- ক) সেরা বিদ্যুৎ কর্মী পুরস্কার
- খ) সেরা প্রকল্প পরিচালক পুরস্কার
- গ) সেরা বিদ্যুৎ ইউনিট পুরস্কার
- ঘ) বিদ্যুৎ বিষয়ক সেরা পত্রিকা রিপোটিং পুরস্কার
- ঙ) বিদ্যুৎ বিষয়ক সেরা ইলেকট্রনিক রিপোর্টিং পুরস্কার
- চ) সেরা বিদ্যুৎ গ্রাহক পুরস্কার (শ্রেণী ভিত্তিক পুরস্কার)
- ছ) স্কুল/কলেজের ছাত্র/ছাত্রীদের জন্য বিদ্যুৎ বিষয়ের উপর বিষয়ভিত্তিক বক্তৃতা প্রতিযোগিতা
- জ) আন্তঃবিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের সেরা বিদ্যুৎ বিষয়ক উদ্ভাবনী পুরস্কার
- ঝ) সেরা বেসরকারি বিদ্যুৎ উৎপাদন বিষয়ক প্রতিষ্ঠান পুরস্কার

**জ্বালানি বিভাগের আওতায় পুরস্কারের ক্ষেত্র**

- ক) সেরা জ্বালানি কর্মী পুরস্কার (কর্মকর্তা ও কর্মচারী)
- খ) সেরা প্রকল্প পরিচালক পুরস্কার
- গ) সেরা সরকারী প্রতিষ্ঠান পুরস্কার
- ঘ) সেরা বেসরকারী প্রতিষ্ঠান পুরস্কার
- ঙ) সেরা গ্রাহক পুরস্কার
- চ) সেরা বার্ষিক প্রতিবেদন

**৩। মূল্যায়ন পদ্ধতি**

নির্দেশিকায় বর্ণিত মূল্যায়ন সূচকের আলোকে বিভিন্ন ক্ষেত্রে পুরস্কার প্রদান করা হবে। বিষয়ভিত্তিক বক্তৃতা প্রতিযোগিতার ক্ষেত্রে উপজেলা পর্যায় হতে কেন্দ্রীয় পর্যায় পর্যন্ত কমিটির মাধ্যমে সেরা প্রতিযোগীকে নির্বাচন করা হবে। সেরা রিপোর্টিং (প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া) পুরস্কারের ক্ষেত্রে এতদসংক্রান্ত গঠিত কমিটি সেরা প্রতিযোগী নির্বাচন করবে। সেরা বিদ্যুৎ কর্মী, সেরা প্রকল্প পরিচালক অথবা সেরা প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠান, সেরা বিদ্যুৎ ইউনিট, সেরা গ্রাহক, সেরা উদ্ভাবন ও সেরা আইপিপি নির্বাচনের জন্য নির্দেশিকায় আলাদাভাবে মূল্যায়ন সূচক উল্লেখ করা হয়েছে। মূল্যায়ন কার্যক্রম সম্পন্নের জন্য বিদ্যুৎ ও জ্বালানি বিভাগের সমন্বয়ে বিভিন্ন কমিটি গঠন করা হবে।

**৪। সেরা বিদ্যুৎ ও জ্বালানি কর্মী পুরস্কার**

- ৪.১ সেরা বিদ্যুৎ ও জ্বালানি কর্মী স্ব স্ব সংস্থা কর্তৃক নির্ধারিত হবে।
- ৪.২ সেরা কর্মী পুরস্কার প্রদানের ক্ষেত্রে সেরা বিদ্যুৎ/জ্বালানি কর্মচারী ও সেরা বিদ্যুৎ/জ্বালানি কর্মকর্তাকে পুরস্কার প্রদান করা হবে।
- ৪.৩ বিবেচ্য কর্মকর্তা/কর্মচারীকে ন্যূনতম ১(এক) বছর সংশিষ্ট সংস্থা/কোম্পানিতে চাকুরীরত থাকতে হবে।

৪.৪ কর্মকর্তা/কর্মচারীর গুণাবলীর সূচকের বিপরীতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সেরা কর্মকর্তা ও সেরা কর্মচারী হিসেবে মূল্যায়ন করা হবে।

| ক্রমিক নং | বিবরণ | নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১। | পেশাগত জ্ঞান ও দক্ষতা | ১৫ | |
| ২। | নির্ভরযোগ্যতা ও কর্তব্য নিষ্ঠা | ১০ | |
| ৩। | সৃজনসীল কর্মসম্পাদন | ১০ | |
| ৪। | শৃঙ্খলাবোধ | ১০ | |
| ৫। | সহকর্মীদের সাথে আচরণ | ৫ | |
| ৬। | যোগাযোগ দক্ষতা | ৫ | |
| ৭। | সহযোগিতা | ৫ | |
| ৮। | প্রতিষ্ঠানের বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীলতা | ৫ | |
| ৯। | নেতৃত্ব দানের ক্ষমতা | ১০ | |
| ১০। | আইটি ব্যবহারে পারদর্শিতা | ৫ | |
| ১১। | পেশাগত, স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক নিরাপত্তা সচেতনতা | ১০ | |
| ১২। | ছুটি গ্রহণের প্রবণতা | ৫ | |
| ১৩। | উপস্থাপন দক্ষতা | ৫ | |
| | **মোট** | **১০০** | |

৪.৫ কর্মকর্তা/কর্মচারীর মোট প্রাপ্ত নম্বর ৮৫'র নিম্নে হলে প্রাথমিকভাবে মূল্যায়নের জন্য তিনি বিবেচিত হবে না।

৪.৬ সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী সেরা বিদ্যুৎ/জ্বালানি কর্মকর্তা ও সেরা বিদ্যুৎ/জ্বালানি কর্মচারী হিসেবে বিবেচিত হবেন।

৪.৭ জাতীয় পর্যায়ে প্রত্যেক সংস্থা হতে ১ (এক) জন সেরা কর্মকর্তা ও ১ (এক) জন সেরা কর্মচারীকে পুরস্কার প্রদান করা হবে। সংস্থাসমূহ প্রত্যেক স্তরে/ধাপে সেরা কর্মকর্তা ও কর্মচারীকে পুরস্কৃত করবেন।

৪.৮ পুরস্কার হিসেবে পদক এবং সনদপত্র প্রদান করা হবে। এক্ষেত্রে বিবেচ্য কর্মকর্তা/কর্মচারীকে সংশ্লিষ্ট বিদ্যুৎ ইউনিট হতে নির্বাচিত হয়ে নির্ধারিত ধাপসমূহ অতিক্রম করে জাতীয় পর্যায়ে আসতে হবে।

৪.৯ জাতীয় পর্যায়ে সেরা কর্মকর্তা/কর্মচারী নির্বাচনের জন্য বিদ্যুৎ বিভাগ/জ্বালানি বিভাগ থেকে একজন এবং অন্য সংস্থার একজনসহ মোট ২(দুই) জন বহিঃসদস্যসহ ৫(পাঁচ) সদস্যের কমিটি সংশ্লিষ্ট সংস্থাকে গঠন করতে হবে।

## ৫। সেরা প্রকল্প পরিচালক পুরস্কার

৫.১ পূর্ববর্তী অর্থ বছরে প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি ৮৫% এর নিম্নে হলে তিনি প্রাথমিকভাবে বিবেচিত হবেন না।

৫.২ প্রকল্পে ন্যুনতম ১ বছর কর্মরত থাকতে হবে।

৫.৩ প্রকল্পের সার্বিক বাস্তবায়নের অগ্রগতি বিবেচনা করা হবে।

৫.৪ উন্নয়ন ও কারিগরি উভয় ধরণের প্রকল্প বিবেচনা করা হবে।

৫.৫ নিম্নোক্ত মূল্যায়ন সূচকের আলোকে সেরা প্রকল্প পরিচালক নির্বাচন করা হবে:

| ক্রমিক নং | বিবরণ | নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী অর্থবছরে প্রকল্পের আর্থিক অগ্রগতি | ১৫ | |
| ২। | পূর্ববর্তী অর্থবছরে প্রকল্পের বাস্তব অগ্রগতি | ১৫ | |
| ৩। | প্রকল্প বাস্তবায়নে পরিকল্পনা প্রণয়ন | ১০ | |
| ৪। | নিয়মিত প্রকল্পের মনিটরিং ও প্রতিবেদন প্রণয়নে আইটি ব্যবহারে পারদর্শিতা | ১০ | |
| ৫। | সিদ্ধান্ত গ্রহণে পারদর্শিতা | ৫ | |
| ৬। | নির্ধারিত সময় ও সিডিউল অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন | ১৫ | |
| ৭। | নির্ধারিত ব্যয় সীমার মধ্যে প্রকল্প বাস্তবায়ন | ৫ | |

| ক্রমিক নং | বিবরণ | নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ০৮। | নেতৃত্ব দানের ক্ষমতা | ৫ | |
| ০৯। | প্রকল্পের ঝুঁকি (Risk) চিহ্নিতকরণ ও সমাধানের ক্ষমতা | ৫ | |
| ১০। | নেগোশিয়েসন স্কিল | ৫ | |
| ১১। | কমিউনিকেশন স্কিল | ৫ | |
| ১২। | উপস্থাপন দক্ষতা | ৫ | |
| | **মোট** | **১০০** | |

৫.৬ বিদ্যুৎ বিভাগ সেরা প্রকল্প পরিচালক নির্বাচন করবে। পুরস্কার হিসেবে পদক ও সনদপত্র প্রদান করা হবে। বিদ্যুৎ বিভাগ কর্তৃক সেরা প্রকল্প পরিচালক নির্বাচন সংক্রান্ত কমিটি গঠন করা হবে।

**৬। সেরা বিদ্যুৎ ইউনিট নির্বাচন (উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ইউনিট)**

৬.১ সেরা বিদ্যুৎ ইউনিট নির্বাচনের ক্ষেত্রে সংস্থাভিত্তিক নিম্নোক্ত ইউনিটসমূহ বিবেচিত হবে। তবে এপিএসসিএল, ইজিসিবি, নওপাজেকো, আরপিসিএল ও বি-আর পাওয়ারজেন একই গ্রুপে বিবেচিত হবে।

| সংস্থার নাম | পুরস্কার |
|---|---|
| আরইবি | সেরা পল্লী বিদ্যুৎ সমিতি, আরইবি |
| বিপিডিবি | (ক) সেরা বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, বিপিডিবি<br>(খ) সেরা বিক্রয় ও বিতরণ বিভাগ, বিপিডিবি<br>(গ) সেরা জোন, বিপিডিবি |
| ডেসকো | সেরা বিক্রয় ও বিতরণ বিভাগ, ডেসকো |
| ডিপিডিসি | সেরা নেটওয়ার্ক অপারেশন এন্ড কাষ্টমার সার্ভিস বিভাগ (NOCS), ডিপিডিসি |
| ওজোপাডিকো | সেরা বিক্রয় ও বিতরণ বিভাগ, ওজোপাডিকো |
| পিজিসিবি | সেরা বিদ্যুৎ সঞ্চালন ইউনিট, পিজিসিবি |
| এপিএসসিএল, ইজিসিবি, আরপিসিএল, নওপাজেকো ও বি-আর পাওয়ারজেন | সেরা বিদ্যুৎ ইউনিট (সরকারি কোম্পানি) |

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ অনুরূপভাবে কমিটি গঠন করে সেরা ইউনিট নির্বাচন করবে।

৬.২ নিজ নিজ প্রতিষ্ঠান সেরা বিদ্যুৎ ইউনিট নির্বাচন করে পুরস্কার প্রদানের জন্য মনোনীত করবে। তবে এপিএসসিএল, ইজিসিবি, নওপাজেকো, আরপিসিএল ও বি-আর পাওয়ারজেন পৃথকভাবে তাঁদের সেরা বিদ্যুৎ উৎপাদন ইউনিট নির্বাচন করে বিদ্যুৎ বিভাগে প্রতিবেদন প্রেরণ করবে ।

৬.৩ বিদ্যুৎ বিভাগ কর্তৃক গঠিত কমিটি প্রাপ্ত তালিকা হতে সেরা বিদ্যুৎ ইউনিট (সরকারি কোম্পানি) নির্বাচন করবে।

৬.৪ বিদ্যুৎ বিভাগ কর্তৃক গঠিত কমিটি প্রাপ্ত তালিকা হতে নির্দেশিকায় বর্ণিত মূল্যায়ন সূচকের আলোকে পারফরমেন্স মূল্যায়ন করে সেরা বেসরকারি বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান নির্বাচন করবে।

৬.৫ সেরা বিদ্যুৎ ইউনিটকে পুরস্কার হিসেবে ক্রেস্ট এবং সনদপত্র প্রদান করা হবে।

৬.৬ **সেরা বিদ্যুৎ বিতরণ ইউনিট নির্বাচনের ক্ষেত্রে মূল্যায়ন সূচক নিম্নরূপ**

| ক্রমিক নং | বিবরণ | নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১ | বিতরণ সিষ্টেম লস | ২৫ | |
| ২ | বকেয়া (সমমাসে) | ২৫ | |
| ৩ | বার্ষিক বিল আদায়ের হার (শতকরা) | ১৫ | |
| ৪ | পাওয়ার ফ্যাক্টর (বিলিং পয়েন্টে) | ১৫ | |
| ৫ | ওভার লোডেড ট্রান্সফরমার ভারমুক্ত করণ | ৫ | |

| ক্রমিক নং | বিবরণ | নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ৬ | গ্রাহক অভিযোগ নিষ্পত্তি (রেকর্ড সংখ্যার ভিত্তিতে) | ৫ | |
| ৭ | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স (রেজিস্টারে রেকডকৃত ডাটার ভিত্তিতে) | ৫ | |
| ৮ | অবৈধ বিদ্যুৎ ব্যবহারকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ (অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিনের সংখ্যা, মামলা দায়েরের সংখ্যা, জরিমানা আদায়ের সংখ্যা) | ৫ | |
| | **মোট** | **১০০** | |

৬.৭ **সেরা বিদ্যুৎ উৎপাদন ইউনিট নির্বাচনের ক্ষেত্রে মূল্যায়ন সূচক নিম্নরূপ**

| ক্রমিক নং | বিবরণ | নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১। | প্ল্যান্ট ফ্যাক্টর | ২৫ | |
| ২। | প্ল্যান্ট এভাইলেবিলিটি | ২৫ | |
| ৩। | অক্সিলিয়ারী কনজাম্পশন | ২০ | |
| ৪। | হিট রেট (নেট) | ১৫ | |
| ৫। | প্রতি ইউনিট বিদ্যুৎ উৎপাদন ব্যয় (নন ফুয়েল পার্ট) | ১০ | |
| ৬। | পরিস্কার পরিচ্ছন্নতা ও প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা | ৫ | |
| | **মোট** | **১০০** | |

৬.৮ **সেরা সঞ্চালন ইউনিট নির্বাচনের ক্ষেত্রে মূল্যায়ন সূচক নিম্নরূপ**

| ক্রমিক নং | বিবরণ | নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১। | ট্রান্সমিশন লস | ১৫ | |
| ২। | ট্রান্সমিশন লাইন এভাইলেবিলিটি | ৩৫ | |
| ৩। | সাবস্টেশন এভাইলেবিলিটি | ৩৫ | |
| ৪। | প্রত্যেকটি গ্রীড সাবস্টেশনে সিস্টেম পাওয়ার ফ্যাক্টর | ১৫ | |
| | **মোট** | ১০০ | |

## ৭। সেরা বিদ্যুৎ গ্রাহক পুরস্কার

৭.১ সেরা আবাসিক, শিল্প ও বাণিজ্যিক গ্রাহককে সংস্থাওয়ারী পুরস্কারের জন্য মনোনয়ন প্রদান করা হবে।

৭.২ সেরা বিদ্যুৎ গ্রাহককে পুরস্কার হিসেবে ক্রেষ্ট ও সনদপত্র প্রদান করা হবে।

৭.৩ সেরা গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে সংশিষ্ট সংস্থা নিম্নোক্ত মূল্যায়ন সূচক বিবেচনা করবে:

| ক্রমিক নং | বিবরণ | নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১। | বকেয়া ছাড়া নিয়মিত বিল পরিশোধ (গত ৩ বছরের রেকর্ড) | ৫০ | |
| ২। | অনুমোদিত লোডের অতিরিক্ত ব্যবহার না করা (প্রমানপত্র সাপেক্ষে) | ১০ | |
| ৩। | বিদ্যুৎ চুরি বন্ধে অবদান রাখা (সংস্থা/কোম্পানির নিকট এরূপ রেকড থাকা সাপেক্ষে) | ৫ | |
| ৪। | বিদ্যুতের তার, ট্রান্সফরমার ইত্যাদি বৈদ্যুতিক সরঞ্জাম চুরি রোধে কোন সাহসী অভিযান পরিচালনা | ৫ | |
| ৫। | বিদ্যুৎ সাশ্রয়ী বাতি ও সরঞ্জামাদি ব্যবহার করা | ১০ | |
| ৬। | মিটার ভাল কিনা/মিটারের সীল যথাযথ আছে কিনা/মিটার গ্রাউন্ডিং যথাযথ আছে কিনা | ১৫ | |
| ৭। | প্রতিষ্ঠানের বিধি ও বিধানের প্রতি শ্রদ্ধাশীল থাকা | ৫ | |
| | **মোট** | **১০০** | |

**৮। বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক সেরা পত্রিকা রিপোর্টিং ও সেরা ইলেকট্রনিক রিপোর্টিং এর জন্য পুরস্কার**

৮.১ বর্ণিত বিষয়ে সেরা পত্রিকা রিপোর্টিং ও সেরা ইলেকট্রনিক রির্পোটিংকে মূল্যায়নের জন্য বিদ্যুৎ বিভাগ কর্তৃক জুরি বোর্ড গঠন করা হবে।

৮.২ জুলাই'১৮ মাসের শেষ সপ্তাহে এ বিষয়ে প্রেস রিলিজ ও বিজ্ঞাপন বিভিন্ন পত্রিকায় প্রকাশ করে মনোনয়ন চাওয়া হবে।

৮.৩ গত ১ বৎসরের মধ্যে জাতীয় দৈনিকে প্রকাশিত রিপোর্টিংকে মূল্যায়ন করা হবে।

৮.৪ একক রিপোর্ট/ধারাবাহিকভাবে প্রকাশিত রিপোর্ট একটি রিপোর্ট হিসেবে মূল্যায়ন করা হবে।

৮.৫ জুরি বোর্ড সেরা পত্রিকা রিপোর্টিং নির্বাচন করবে।

৮.৬ পুরস্কার হিসেবে সনদপত্র এবং নগদ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হবে।

৮.৭ সেরা রিপোর্ট নির্বাচনের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদিও বিবেচনা করা হবে:

- ✓ রিপোর্টের বস্তুনিষ্ঠতা
- ✓ মানসম্মত ভাষাশৈলী
- ✓ কারিগরি তথ্য-উপাত্তের মান
- ✓ বিশ্লেষণধর্মী রিপোর্ট

**৯। স্কুল/কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য বিদ্যুৎ ও জ্বালানি খাতের উপর নির্ধারিত বিষয়ভিত্তিক বক্তৃতা প্রতিযোগিতা**

**বক্তৃতার বিষয়বস্তু:** বক্তৃতার বিষয়বস্তু কেন্দ্রীয় কমিটি কর্তৃক নির্বাচন করা হবে এবং তা পত্রিকার মাধ্যমে জানানো হবে।

৯.১ নবম হতে দ্বাদশ শ্রেণীর ছাত্র/ছাত্রীগণ শিক্ষা প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অংশগ্রহণ করতে পারবেন।

৯.২ উপজেলা কমিটি কর্তৃক নির্ধারিত শর্তাবলীর ভিত্তিতে আবেদনপত্র বাছাই করে আগ্রহী ও যোগ্য ১০ জনের তালিকা চূড়ান্ত করা হবে।

৯.৩ উপজেলা পর্যায়ে ২ জন প্রার্থীকে (১ম ও ২য়) সেরা বক্তা হিসেবে নির্বাচন ও পুরস্কৃত করা হবে এবং উক্ত ২ জন সেরা বক্তার নাম জেলা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

৯.৪ জেলা পর্যায়ে বিষয়ভিত্তিক বক্তৃতার উপর ২ জন সেরা বক্তা নির্বাচন ও পুরস্কৃত করা হবে এবং উক্ত ২ জন সেরা বক্তার নাম বিভাগীয় কমিটির নিকট প্রেরণ করতে হবে।

৯.৫ বিভাগীয় পর্যায়ে বিষয়ভিত্তিক বক্তৃতা প্রতিযোগিতার মাধ্যমে ৩ জন সেরা বক্তা (১ম, ২য় ও ৩য়) নির্বাচন ও পুরস্কৃত করা হবে। তবে রাজশাহী, রংপুর, সিলেট, খুলনা, বরিশাল ও ময়মনসিংহ বিভাগ থেকে ১ জন (১ম স্থান) করে এবং ঢাকা ও চট্টগ্রাম বিভাগ থেকে ২ জন করে মোট ১০ জনের নাম কেন্দ্রীয় কমিটির নিকট প্রেরণ করতে হবে।

৯.৬ বিজয়ী বক্তাদের জাতীয় পর্যায়ে নগদ অর্থ, ক্রেস্ট ও সনদপত্র প্রদান করা হবে।

৯.৭ বক্তৃতা প্রতিযোগিতা আয়োজনের জন্য উপজেলা, জেলা পর্যায়, বিভাগীয় পর্যায় ও মহানগর পর্যায়ে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হবে।

**(ক) উপজেলা কমিটি**

উপজেলা পর্যায়ে বিষয়ভিত্তিক বক্তৃতা প্রতিযোগিতা আয়োজনের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তার নেতৃত্বে নিম্নরূপে একটি কমিটি গঠন করা হবে।

| | | |
|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী কর্মকর্তা | আহবায়ক |
| ২। | কলেজের অধ্যাপক | সদস্য |
| ৩। | সরকারি স্কুলের প্রধান শিক্ষক | সদস্য |
| ৪। | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৫। | সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির প্রতিনিধি | সদস্য সচিব |

**(খ) জেলা কমিটি**

জেলা পর্যায়ে বক্তৃতা প্রতিযোগিতা আয়োজনের জন্য জেলা প্রশাসকের নেতৃত্বে নিম্নোক্তভাবে একট কমিটি গঠন করা হবে।

| | | |
|---|---|---|
| ১। | জেলা প্রশাসক | আহবায়ক |
| ২। | প্রতিনিধি, বাংলাদেশ শিল্পকলা একাডেমী | সদস্য |
| ৩। | প্রতিনিধি, বাংলাদেশ শিশু একাডেমী | সদস্য |
| ৪। | সরকারি স্কুলের প্রধান শিক্ষক/কলেজের অধ্যাপক | সদস্য |
| ৫। | সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির প্রতিনিধি (বিউবো/ডিপিডিসি/ডেসকো/ওজোপাডিকো/ নেসকোর ’র নির্বাহী প্রকৌশলী/ পবিস এর জেনারেল ম্যানেজার) | সদস্য সচিব |

নোট: ঢাকা জেলায় বক্তৃতা প্রতিযোগিতা আয়োজনে ডিপিডিসির উপমহাব্যবস্থাপক (পাবলিক রিলেশন), সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

**(গ) বিভাগীয় কমিটি**

বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনারের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হবে। বিভাগীয় কমিশনার এ কমিটির উপদেষ্টা হিসেবেও দায়িত্ব পালন করবেন।

| | | |
|---|---|---|
| ১। | বিভাগীয় কমিশনার | আহবায়ক |
| ২। | বিভাগীয় পর্যায়ের শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৩। | বিভাগীয় পর্যায়ের বিআরডিবি কর্মকর্তা | সদস্য |
| ৪। | সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির প্রতিনিধি (বিউবো/ডিপিডিসি/ডেসকো/ওজোপাডিকো/নেসকো’র প্রধান প্রকৌশলী) | সদস্য সচিব |

নোট: ঢাকা বিভাগে বক্তৃতা প্রতিযোগিতা আয়োজনে ডিপিডিসির উপমহাব্যবস্থাপক (পাবলিক রিলেশন), সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

**(ঘ) মহানগর পর্যায়ে প্রতিযোগিতা আয়োজন**

বিভাগীয় পর্যায়ের ন্যায় ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল, রংপুর ও ময়মনসিংহ মহানগরীতেও বিভাগীয় কমিশনার এর তত্ত্বাবধানে উক্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগ্রহী প্রার্থীদের নামের তালিকা নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের মাধ্যমে বিভাগীয় কমিশনার বরাবর পাঠাতে হবে। প্রত্যেক মহানগরীতে প্রতিযোগিতা শেষে ২ জন সেরা প্রতিযোগী নির্বাচন করে (১ম ও ২য় স্থান অধিকারী) পুরস্কৃত করা হবে এবং তাঁদের নাম কেন্দ্রীয় কমিটির আহবায়ক (অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০) বরাবর পাঠাতে হবে।
উল্লেখ্য বিভাগীয় কমিটির ন্যায় নিম্নরূপে মহানগর কমিটি গঠন করা হবে।

| | | |
|---|---|---|
| ১। | বিভাগীয় কমিশনার | আহবায়ক |
| ২। | বিভাগীয় পর্যায়ের শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৩। | বিভাগীয় পর্যায়ের বিআরডিবি কর্মকর্তা | সদস্য |
| ৪। | সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানির প্রতিনিধি (বিউবো/ডিপিডিসি/ডেসকো/ওজোপাডিকো/নেসকো’র প্রধান প্রকৌশলী) | সদস্য সচিব |

নোট: ঢাকা মহানগরীতে বক্তৃতা প্রতিযোগিতা আয়োজনে ডিপিডিসির উপমহাব্যবস্থাপক (পাবলিক রিলেশন), সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

**(ঙ) কেন্দ্রীয় কমিটি**

কেন্দ্রীয় পর্যায়ে বক্তৃতা প্রতিযোগিতা আয়োজনের জন্য বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হবে। উল্লেখ্য বিভাগীয় পর্যায়ে ১০ জন ও মহানগর পর্যায়ে ১৬ জন মোট ২৬ জন নির্বাচিত প্রতিযোগীর মধ্যে কেন্দ্রীয় পর্যায়ে বিষয়ভিত্তিক প্রতিযোগিতার মাধ্যমে ৩ জন সেরা বক্তা (১ম, ২য় ও ৩য়) নির্বাচন করা হবে। কেন্দ্রীয় পর্যায়ে বিজয়ী প্রতিযোগীদের ক্রেস্ট, সনদপত্র ও নগদ অর্থ পুরস্কার স্বরূপ প্রদান করা হবে।

## ১০। আন্তঃবিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের সেরা বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক উদ্ভাবনী পুরস্কার

১০.১ সেরা বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক উদ্ভাবনী কার্যক্রম নির্বাচনের জন্য বিদ্যুৎ বিভাগ কর্তৃক কমিটি গঠন করা হবে।

১০.২ আন্তঃবিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের সেরা বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক উদ্ভাবনী কার্যক্রম মূল্যায়নের ক্ষেত্রে বিষয়বস্ত বিদ্যুৎ ও জ্বালানি সম্পর্কিত ও ব্যবহারিক, দৃশ্যমান আউটপুট, আর্থিক সাশ্রয়ী, পরিবেশবান্ধব, টেকসই প্রযুক্তি হতে হবে।

১০.৩ কমিটি পুরস্কার প্রদানের জন্য মূল্যায়ন সূচক নির্ধারণ করে এর ভিত্তিতে সেরা উদ্ভাবনী কার্যক্রমকে চূড়ান্ত করবে ।

১০.৪ প্রেস বিজ্ঞপ্তি প্রদানের মাধ্যমে সেরা বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক উদ্ভাবনী বিষয়ক লেখা আহবান করা যাবে।

১০.৫ সেরা বিদ্যুৎ/জ্বালানি বিষয়ক উদ্ভাবনী কার্যক্রম পুরস্কার হিসেবে ক্রেষ্ট ও সনদপত্র প্রদান করা হবে।

## ১১। ব্রোসিয়ার/পুস্তিকা প্রণয়ন সংক্রান্ত

১১.১ বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ পালন উপলক্ষে পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করা হবে।

১১.২ বিদ্যুৎ ও জ্বালানি সেক্টরের বিভিন্ন ইউটিলিটির নিজস্ব কর্মকান্ডের উপর ভিত্তি করে একটি পুস্তিকা প্রণয়ন ও ইভেন্ট ব্রোসিয়ার প্রণয়ন করা হবে। উক্ত প্রকাশনা প্রচারের ব্যবস্থা করা হবে।

১১.৩ প্রকাশনা ও প্রচারের জন্য বিদ্যুৎ বিভাগ কর্তৃক একটি কমিটি গঠন করা হবে।

## ১২। বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহের আয়োজন ও ব্যয়ভার বহন সংক্রান্ত

### ১২.১ কর্মসূচি ও ব্যয়ভার:

- দেশব্যাপী বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ পালন উপলক্ষে কেন্দ্রীয় পর্যায়ে, বিভাগীয় পর্যায়ে, জেলা পর্যায়ে এবং উপজেলা পর্যায়ে কর্মসূচি পালিত হবে (পরিশিষ্ট-ক ও খ)।
- কেন্দ্রীয় পর্যায়ের কর্মসূচি কেন্দ্রীয় কমিটির মাধ্যমে বাস্তবায়িত হবে। তবে এর ব্যয়ভার এপিএসসিএল, আরপিসিএল, ইজিসিবি, নওপাজেকো, ডিপিডিসি, ডেসকো ও পিজিসিবি বিদ্যুৎ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী বহন করবে।
- ঢাকা জেলা, ঢাকা বিভাগ ও ঢাকা মহানগরে বিষয়ভিত্তিক বক্তৃতা প্রতিযোগিতার ব্যয় ডিপিডিসি নির্বাহ করবে।
- জেলা ও বিভাগীয় পর্যায়ের কর্মসূচির ব্যয়ভার বিউবো/ওজোপাডিকো/নেসকো (এলাকা অনুযায়ী) বহন করবে।
- উপজেলা পর্যায়ের কর্মসূচির ব্যয়ভার উপজেলা সদরের দায়িত্বে নিয়োজিত বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি কর্তৃক নির্বাহ করা হবে।

১২.২ বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ পালনে নিম্নোক্তভাবে কেন্দ্রীয় সাংগঠনিক কমিটি গঠন করা হবে।

**কেন্দ্রীয় সাংগঠনিক কমিটি:**

| | | |
|---|---|---|
| ১) | মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | প্রধান উপদেষ্টা |
| ২) | সচিব, বিদ্যুৎ বিভাগ | উপদেষ্টা |
| ৩) | সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | উপদেষ্টা |
| ৪) | চেয়ারম্যান, বিইপিআরসি | উপদেষ্টা |
| ৫) | চেয়ারম্যান, বিপিসি | উপদেষ্টা |
| ৬) | অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ | আহবায়ক |
| ৭) | অতিরিক্ত সচিব (পরি ও নজ্বা), বিদ্যুৎ বিভাগ | সদস্য |
| ৮) | অতিরিক্ত সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ | সদস্য |
| ৯) | অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ | সদস্য |

| | | |
|---|---|---|
| ১০) | অতিরিক্ত সচিব (উন্নয়ন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য |
| ১১) | অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য |
| ১২) | অতিরিক্ত সচিব (অপারেশন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য |
| ১৩) | অতিরিক্ত সচিব (পরিকল্পনা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য |
| ১৪) | চেয়ারম্যান, স্রেডা | সদস্য |
| ১৫) | চেয়ারম্যান, পেট্রোবাংলা | সদস্য |
| ১৬) | চেয়ারম্যান, বিউবো | সদস্য |
| ১৭) | চেয়ারম্যান, পবিবো | সদস্য |
| ১৮) | মহাপরিচালক, পাওয়ার সেল | সদস্য |
| ১৯) | যুগ্ম-সচিব (উন্নয়ন-১), বিদ্যুৎ বিভাগ | সদস্য-সচিব |

১৩। **কমিটি/উপকমিটি গঠন**

বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ আয়োজন ও উৎযাপনের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ ও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রতিনিধিদের নিয়ে বিভিন্ন কমিটি/উপকমিটি গঠন করা হবে।

১৪। নির্দেশিকার আলোকে প্রতি বছর বিদ্যুৎ ও জ্বালানি বিভাগের তত্ত্বাবধানে দেশব্যাপী বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ পালন করা হবে। উল্লেখ্য, বিভিন্ন সংস্থা ও কমিটি পরিশিষ্ট-ক ও খ তে বর্ণিত সময়সূচি অনুযায়ী কার্যাদি সম্পন্ন করবে।

**পরিশিষ্ট - ক**

# বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ, ২০১৮ পালন উপলক্ষে সময়ভিত্তিক বিভিন্ন কর্মকান্ডের বিবরণ

| ক্রমিক নং | বিষয় | সময়সূচী |
|---|---|---|
| ১ | নিমন্ত্রণপত্র তৈরী | ২৮-৩০ আগষ্ট |
| ২ | পোস্টার মুদ্রণ | ২৮-৩০ আগষ্ট |
| ৩ | সনদ পত্র তৈরী | ৩০ আগষ্ট |
| ৪ | ক্রেষ্ট/পদক তৈরী | ৩০ আগষ্ট |
| ৫ | সূভ্যেনির সামগ্রী নিশ্চিতকরণ | ৩০ আগষ্ট |
| ৬ | বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহের র‌্যালীর জন্য ডিজিটাল ব্যানার তৈরী | ২৮-৩০ আগষ্ট |
| ৭ | প্রধান ভেনু সজ্জাকরণ | ৪-৫ সেপ্টেম্বর |
| ৮ | ক্রোড়পত্র প্রকাশ | ৬ সেপ্টেম্বর |
| **জাতীয় বিদ্যুৎ সপ্তাহ সফলভাবে উদযাপনে সংশিষ্ট সকল সংস্থার সাথে সমন্বয় কার্যক্রম** | | |
| ১ | বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ বিষয়ক কর্মকান্ড গ্রহণের জন্য সকল দপ্তর/সংস্থাসমূহকে অবগতকরণ (নির্দেশিকাসহ) | ০৩ জুন |
| ২ | বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহের সারসংক্ষেপ প্রস্তুতকরণ | ২০ আগষ্ট |
| ৩ | প্রধান মন্ত্রীর কার্যালয়ে প্রেরণ | ২৬ আগষ্ট |
| ৪ | বিভিন্ন কমিটির আহবায়ক/সদস্যদের নিকট পত্র প্রেরণ | ০৭ জুন |
| ৫ | জেলা প্রশাসক/বিভাগীয় কমিশনারগণের নিকট ডিও পত্র প্রেরণ (নির্দেশিকাসহ) | ০৭ জুন |
| ৬ | প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক সারসংক্ষেপ অনুমোদন | ২৯ আগষ্ট |
| ৭ | ভেন্যু বুকিং এর জন্য পত্র প্রদান | ০৩ জুন |
| **বিষয়ভিত্তিক বক্তৃতা প্রতিযোগিতা আয়োজনের সম্ভাব্য সময়সূচি:**<br>**(ক) উপজেলা-বিভাগীয় পর্যায়ে:** | | |
| ১ | উপজেলা পর্যায়ে স্কুল/কলেজ থেকে দরখাস্ত জমা | ১০ জুন |
| ২ | দরখাস্ত বাছাই | ১৯ জুন |
| ৩ | উপজেলা পর্যায়ে বক্তৃতা আয়োজন ও ফলাফল ঘোষণা (১ম, ২য় ও ৩য় স্থান নির্ধারণ) | ২৭ জুন |
| ৪ | উপজেলা পর্যায় থেকে জেলা পর্যায়ে ফলাফল প্রেরণ | ২৭ জুন |
| ৫ | জেলা পর্যায়ে বক্তৃতা শুরু ও ফলাফল ঘোষনা (১ম, ২য় ও ৩য় স্থান নির্ধারণ) | ১২ জুলাই |
| ৬ | বিভাগীয় পর্যায়ে ফলাফল প্রেরণ | ১২ জুলাই |
| ৭ | বিভাগীয় পর্যায়ে বক্তৃতা শুরু ও ফলাফল ঘোষণা (১ম, ২য় ও ৩য় স্থান) | ২৫ জুলাই |
| ৮ | বিভাগীয় পর্যায় থেকে কেন্দ্রীয় পর্যায়ে ফলাফল প্রেরণ | ২৬ জুলাই |
| **(খ) মহানগর পর্যায়ে:** | | |
| ১ | মহানগর পর্যায়ে স্কুল/কলেজ থেকে দরখাস্ত জমা | ১০ জুন |
| ২ | দরখাস্ত বাছাই | ২৬ জুন |
| ৩ | মহানগর পর্যায়ে বক্তৃতা প্রতিযোগীতা আয়োজন ও ফলাফল ঘোষণা (১ম, ২য় ও ৩য় স্থান নির্ধারণ) | ২৫ জুলাই |
| ৪ | মহানগর পর্যায় থেকে কেন্দ্রীয় পর্যায়ে ফলাফল প্রেরণ | ২৬ জুলাই |
| **(গ) কেন্দ্রীয় পর্যায়ে:** | | |
| ৫ | কেন্দ্রীয় পর্যায়ে প্রতিযোগীদের সম্মিলিত তালিকা প্রস্তুত | ২৭ জুলাই |
| ৬ | কেন্দ্রীয় পর্যায়ে অংশগ্রহণের জন্য প্রতিযোগীদের ঠিকানায় পত্র প্রেরণ | ৩০ জুলাই |
| ৭ | কেন্দ্রীয় পর্যায়ে বক্তৃতা শুরু | ২৭ আগষ্ট |
| ৮ | কেন্দ্রীয় পর্যায়ে ফলাফল চুড়ান্তকরণ (১ম, ২য় ও ৩য় স্থান নির্ধারণ) | ২৭ আগষ্ট |

| | | |
|---|---|---|
| **সেরা বিদ্যুৎ ও জ্বালানি কর্মী নির্বাচনের সময়ভিত্তিক কর্মকান্ড** | | |
| ১ | নির্দেশিকার আলোকে ইউনিট ভিত্তিক সেরা কর্মী/কর্মকর্তা নির্বাচন | ০৫ আগষ্ট |
| ২ | বিভাগ ভিত্তিক সেরা কর্মী/কর্মকর্তা নির্বাচন | ০৮ আগষ্ট |
| ৩ | জোন ভিত্তিক সেরা কর্মী/কর্মকর্তা নির্বাচন | ১২ আগষ্ট |
| ৪ | প্রত্যেক ইউটিলিটি কর্তৃক সেরা কর্মী/কর্মকর্তা নির্বাচন পূর্বক প্রতিবেদন বিদ্যুৎ/ বিভাগে প্রেরণ | ১৬ আগষ্ট |
| **সেরা প্রকল্প পরিচালক নির্বাচনের সময়ভিত্তিক কর্মকান্ড** | | |
| ১ | নির্দেশিকার ভিত্তিতে সেরা প্রকল্প পরিচালক নির্বাচন | ০৫ আগষ্ট |
| ২ | সেরা প্রকল্প পরিচালকের তালিকা বিদ্যুৎ বিভাগে প্রেরণ | ১২ আগষ্ট |
| **সেরা বিদ্যুৎ ইউনিট নির্বাচনের সময়ভিত্তিক কর্মকান্ড** | | |
| ১ | প্রাথমিক মনোনয়ন | ০৫ আগষ্ট |
| ২ | নির্দেশিকার আলোকে প্রত্যেক ইউটিলিটি কর্তৃক সেরা বিদ্যুৎ ইউনিট নির্বাচন | ১২ আগষ্ট |
| ৩ | প্রত্যেক ইউটিলিটি কর্তৃক নির্বাচিত সেরা বিদ্যুৎ ইউনিটের তালিকা বিদ্যুৎ বিভাগে প্রেরণ | ১৬ আগষ্ট |
| **সেরা বিদ্যুৎ গ্রাহক নির্বাচনের সময়ভিত্তিক কর্মকান্ড** | | |
| ১ | নির্দেশিকার ভিত্তিতে সেরা বিদ্যুৎ গ্রাহক নির্বাচন | ০৭ আগষ্ট |
| ২ | সেরা বিদ্যুৎ গ্রাহকের তালিকা বিদ্যুৎ বিভাগে প্রেরণ | ১৬ আগষ্ট |
| **বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক সেরা পত্রিকা রিপোর্টিং ও সেরা ইলেটট্রনিক রিপোর্টিং নির্বাচনের সময়ভিত্তিক কর্মকান্ড** | | |
| ১ | সেরা প্রিন্ট ও ইলেক্ট্রিক রিপোটিং পুরস্কার বিষয়ে সংবাদ পত্রে বিজ্ঞপ্তি প্রকাশ | ২২ জুলাই |
| ২ | কমিটি কর্তৃক সেরা প্রিন্ট/ইলেকট্রনিক রিপোর্ট মনোনয়ন | ৮ আগষ্ট |
| ৩ | কমিটি কর্তৃক বিদ্যুৎ বিভাগে তালিকা প্রেরণ | ১৩ আগষ্ট |
| **আন্তঃবিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের সেরা বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক উদ্ভাবনী কার্যক্রম নির্বাচনের সময়ভিত্তিক কর্মকান্ড** | | |
| ১ | সেরা বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক উদ্ভাবনী লেখা আহবান করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ | ১০ জুলাই |
| ২ | প্রাথমিক মনোনয়ন | ১৭ জুলাই |
| ৩ | কমিটি কর্তৃক সেরা গবেষণা কার্যক্রম নির্বাচন | ২৪ জুলাই |
| ৪ | কমিটি কর্তৃক চুড়ান্ত তালিকা বিদ্যুৎ বিভাগে প্রেরণ | ২৬ জুলাই |
| **সুভ্যেনির, ক্রোড়পত্র প্রকাশ ও ইভেন্ট ব্রোসিয়ার প্রণয়নের সময়ভিত্তিক কর্মকান্ড** | | |
| ১ | সুভ্যেনির কমিটি কর্তৃক খসড়া প্রতিবেদন পেশ | ২৮ আগষ্ট |
| ২ | বিদ্যুৎ বিভাগ কর্তৃক খসড়া সুভ্যেনির অনুমোদন | ৩ সেপ্টেম্বর |
| ৩ | প্রধানমন্ত্রী/অর্থমন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী/সচিব মহোদয়ের জন্য বাণীর খসড়া প্রস্তুতকরণ ও অনুমোদন গ্রহণ | ১২ আগষ্ট |
| **বিদ্যুৎ মেলার সময়ভিত্তিক কর্মকান্ড** | | |
| ১ | বিদ্যুৎ মেলা সংক্রান্ত গঠিত কমিটির সভা আহবান | ১৯ আগষ্ট |
| ২ | বিদ্যুৎ মেলা বিষয়ক ওয়ার্কিং গ্রুপ গঠন | ২০ আগষ্ট |
| ৩ | মেলা কমিটি কর্তৃক ভেন্যু পরিদর্শন | ৩ সেপ্টেম্বর |
| ৪ | বিদ্যুৎ মেলার আয়োজন | ৬-৯ সেপ্টেম্বর |

**পরিশিষ্ট – খ**

# বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ পালন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি

**(ক) কেন্দ্রীয় পর্যায়**

| | | |
|---|---|---|
| ১ | কেন্দ্রিয় পর্যায়ে জাতীয় বিদ্যুৎ সপ্তাহের উদ্বোধন ও পুরস্কার বিতরণ | ৬ সেপ্টেম্বর |
| ২ | ক্রোড়পত্র/সুভেনির/পোষ্টার/ব্রোসিয়ার ইত্যাদি প্রকাশ | ৬ সেপ্টেম্বর |
| ৩ | বিদ্যুৎ সপ্তাহ উপলক্ষে সেমিনারের আয়োজন | ৭ সেপ্টেম্বর |
| ৪ | বিদ্যুৎ মেলার আয়োজন ও গ্রাহকদের মাঝে লিফলেট বিতরণ | ৬-৯ সেপ্টেম্বর |

**(খ) আঞ্চলিক পর্যায়**

| | | |
|---|---|---|
| ১ | র‍্যালী, গ্রাহক সমাবেশ, আগত অতিথিদের সাথে মতবিনিময় ও আলোচনা | ৬ সেপ্টেম্বর |
| ২ | বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি প্রদর্শনের উদ্দেশ্যে বিদ্যুৎ মেলার আয়োজন | ৬-৯ সেপ্টেম্বর |
| ৩ | One Point Service Center স্থাপন এবং বিদ্যুৎ সাশ্রয়ী ব্যানার, পোষ্টার ও সিটিজেন চার্টার প্রদর্শন | ৬-৯ সেপ্টেম্বর |
| ৪ | বকেয়া আদায়ে গ্রাহকদের উদ্বুদ্ধকরণ | ৬-৯ সেপ্টেম্বর |
| ৫ | অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ | ৬-৯ সেপ্টেম্বর |
| ৬ | স্ব স্ব বিদ্যুৎ সংস্থা কর্তৃক নিজস্ব কর্মকান্ডের উপর ভিডিও চিত্র/পাওয়ার পয়েন্ট প্রদর্শন | ৬-৯ সেপ্টেম্বর |
| ৭ | বিদ্যুৎ কর্মীদের নিরাপত্তামূলক মহড়া ও প্রতিযোগিতার আয়োজন | ৬-৯ সেপ্টেম্বর |

**পরিশিষ্ট - 'গ'**

# বাজেট

**পঞ্জিকা বৎসর: ২০১৮**

১) দেশব্যাপী বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ পালন উপলক্ষে কেন্দ্রীয় পর্যায়ে ব্যয় নির্বাহের জন্য বিদ্যুৎ বিভাগ কর্তৃক একটি বাজেট প্রণয়ন করা হবে।

২) উপজেলা,জেলা, বিভাগীয় পর্যায়ে বক্তৃতা প্রতিযোগিতার জন্য পুরস্কার, সম্মানীভাতা, আপ্যায়ন ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য একটি বাজেট প্রণয়ন করা হবে।

৩) স্থানীয় জনগণকে বিদ্যুৎ সপ্তাহ পালন কার্যক্রমে অংশগ্রহণে উদ্বুদ্ধকরণের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ যেমন-র‍্যালী, ব্যানার, ফেস্টুন, মাইকিং, প্রদর্শনী ও মতবিনিময় সভা স্ব স্ব প্রতিষ্ঠান আয়োজন করবে। এতদসংক্রান্ত ব্যয় স্থানীয় অফিস নির্বাহ করবে।

৪) উপজেলা থেকে বিভাগীয় পর্যায় পর্যন্ত অন্যান্য ব্যয় স্ব স্ব সংশ্লিষ্ট বিদ্যুৎ সংস্থা/কোম্পানী কর্তৃক নির্বাহ করা হবে।

৫) কেন্দ্রীয় পর্যায়ের যাবতীয় ব্যয়ভার এপিএসসিএল, আরপিসিএল, ইজিসিবি, নওপাজেকো, ডিপিডিসি, ডেসকো ও পিজিসিবি বিদ্যুৎ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী বহন করবে।

৬) ঢাকা জেলা, ঢাকা বিভাগ ও ঢাকা মহানগরে বিষয়ভিত্তিক বক্তৃতা প্রতিযোগিতার ব্যয় ডিপিডিসি নির্বাহ করবে।

৭) উপজেলা পর্যায়ের ব্যয়ভার উপজেলা সদরের দায়িত্বে নিয়োজিত বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী বহন করবে এবং জেলা ও বিভাগীয় পর্যায়ের ব্যয়ভার পিডিবি/ওজোপাডিকো বহন করবে।

**বাজেট (পঞ্জিকা বৎসর ২০১৮):**

বক্তৃতা প্রতিযোগিতা আয়োজনের জন্য উপজেলা, জেলা, বিভাগ ও কেন্দ্রীয় পর্যায়ে মোট সম্ভাব্য ব্যয়ের প্রাক্কলন নিম্নরূপ:

**ক) উপজেলা পর্যায়:**

| ক্রঃ নং | বিবরণ | সংখ্যা/পরিমান | একক দর (টাকা) | মোট দর (টাকা) |
|---|---|---|---|---|
| ১। | বিচারকদের সম্মানী | ৫ জন | ২,০০০/= | ১০,০০০/= |
| ২। | সঞ্চালকের সম্মানী | ১ জন | ২,০০০/= | ২,০০০/= |
| ৩। | পিভিসি ব্যানার (৬ X৮ বর্গফুট) | ১ টি | লাম্পসাম | ২,০০০/= |
| ৪। | সনদপত্র | ৩ টি | ৫০০/= | ১,৫০০/= |
| ৫। | পুস্তক | ৩ সেট | ২,০০০/= | ৬,০০০/= |
| ৬। | বিবিধ লজিস্টিকস ব্যয় | লাম্পসাম | ১০,০০০/= | ১০,০০০/= |
| ৭। | আপ্যায়ন | ১০০ জন | ৫০০/= | ৫০,০০০/= |
| | | | **মোট ব্যয়** | ৮১,৫০০/= |

❖ ৪৬০টি উপজেলায় বক্তৃতা প্রতিযোগিতা আয়োজনের সম্ভাব্য ব্যয় = ৪৬০X ৮১,৫০০ = টাকা ৩,৭৪,৯০,০০০/=

**খ) জেলা পর্যায়:**

| ক্রঃ নং | বিবরণ | সংখ্যা/পরিমান | একক দর (টাকা) | মোট দর (টাকা) |
|---|---|---|---|---|
| ১। | বিচারকদের সম্মানী | ৫ জন | ২,৫০০/= | ১২,৫০০/= |
| ২। | সঞ্চালকের সম্মানী | ১ জন | ২,০০০/= | ২,০০০/= |
| ৩। | পিভিসি ব্যানার (৬ X৮ বর্গফুট) | ১ টি | লাম্পসাম | ২,০০০/= |
| ৪। | সনদপত্র | ৩ টি | ৫০০/= | ১,৫০০/= |
| ৫। | পুস্তক | ৩ সেট | ২,০০০/= | ৬,০০০/= |
| ৬। | বিবিধ লজিস্টিকস ব্যয় | লাম্পসাম | ১০,০০০/= | ১০,০০০/= |

| ক্রঃ নং | বিবরণ | সংখ্যা/পরিমান | একক দর (টাকা) | মোট দর (টাকা) |
|---|---|---|---|---|
| ৭। | আপ্যায়ন | ১০০ জন | ৫০০/= | ৫০,০০০/= |
| | | | **মোট ব্যয় =** | ৮৪,০০০/= |

❖ ৬৪টি জেলাতে বক্তৃতা প্রতিযোগিতা আয়োজনের সম্ভাব্য ব্যয় = ৬৪ X৮৪,০০০ = টাকা ৫৩,৭৬,০০০/=

**গ) বিভাগীয় পর্যায়:**

| ক্রঃ নং | বিবরণ | সংখ্যা/পরিমান | একক দর (টাকা) | মোট দর (টাকা) |
|---|---|---|---|---|
| ১। | বিচারকদের সম্মানী | ৪ জন | ২,৫০০/= | ১০,০০০/= |
| ২। | সঞ্চালকের সম্মানী | ১ জন | ২,০০০/= | ২,০০০/= |
| ৩। | পিভিসি ব্যানার (৬ X৮ বর্গফুট) | ১ টি | লাম্পসাম | ২,০০০/= |
| ৪। | সনদপত্র | ৩ টি | ৫০০/= | ১,৫০০/= |
| ৫। | পুস্তক | ৩ সেট | ২,৫০০/= | ৭,৫০০/= |
| ৬। | বিবিধ লজিস্টিকস ব্যয় | লাম্পসাম | ১৫,০০০/= | ১৫,০০০/= |
| ৭। | আপ্যায়ন | ১০০ জন | ৭০০/= | ৭০,০০০/= |
| | | | **মোট ব্যয় =** | **১,০৮,০০০/=** |

❖ ৮ টি বিভাগীয় শহরে বক্তৃতা প্রতিযোগিতা আয়োজনের সম্ভাব্য ব্যয় = ৮ X১,০৮,০০০ = টাকা ৮,৬৪,০০০/=

**ঘ) কেন্দ্রীয় পর্যায়:**

| ক্রঃ নং | বিবরণ | সংখ্যা/ পরিমান | একক দর (টাকা) | মোট দর (টাকা) |
|---|---|---|---|---|
| ১। | বিচারকদের সম্মানী (২ দিন ব্যাপী) | ৬ জন | ৫,০০০×৬×২ | ৬০,০০০/= |
| ২। | সঞ্চালকের সম্মানী | ১ জন | ২,০০০/= | ২,০০০/= |
| ৩। | পিভিসি ব্যানার (৬ X৮ বর্গফুট) | ১ টি | লাম্পসাম | ২,০০০/= |
| ৪। | সনদপত্র | ৩ টি | ৫০০/= | ১,৫০০/= |
| ৫। | ক্রেষ্ট | ৩ টি | ৫,০০০/= | ১৫,০০০/= |
| ৬। | পুস্তক | ৩ সেট | ৩,০০০/= | ৯,০০০/= |
| ৭। | সেরা ৩ জন বক্তাকে নগদ অর্থ পুরস্কার (১ম স্থান অধিকারীকে ২৫,০০০/=, ২য় স্থান অধিকারীকে ২০,০০০/= ও ৩য় স্থান অধিকারীকে ১৫,০০০/=) | ৩ জন | - | ৬০,০০০/= |
| ৮। | বিবিধ লজিস্টিকস ব্যয় | | ১০,০০০/= | ১০,০০০/= |
| ৯। | আপ্যায়ন | ১৫০ জন | ৮০০/= | ১,২০,০০০/= |
| | | | **মোট ব্যয়** | ২,৭৯,৫০০/= |

❖ **বক্তৃতা প্রতিযোগিতা সামগ্রিকভাবে আয়োজনের সম্ভাব্য মোট ব্যয়**
= টাকা (৩,৭৪,৯০,০০০+৫৩,৭৬,০০০+৮,৬৪,০০০ + ২,৭৯,৫০০)= টাকা **৪,৪০,০৯,৫০০/=**

❑ জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ পালনে প্রস্তাবিত বাজেট কমিটি কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠেয় বিভিন্ন আনুষ্ঠানিক বাজেট প্রণয়ন করবে।